# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali TextBulletin

**30-03-2026** **Time: 7.35 AM**

**বিশেষ বিশেষ খবর ঃ-**

১) রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য আজ বিজ্ঞপ্তি জারি হবে। এর সঙ্গে শুরু হচ্ছে মনোনয়ন দাখিলের প্রক্রিয়া।

২) রাজ্যের এস আই আর প্রক্রিয়ার চতুর্থ অতিরিক্ত তালিকা প্রকাশিত হয়েছে। এপর্যন্ত ৪০ লক্ষ নামের নিষ্পত্তি হয়েছে বলে সূত্রের খবর।

৩) অবাধ ও সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনায় নির্বাচন কমিশন ভবানীপুর, নন্দীগ্রাম সহ ১৭০-টি থানার ওসিদের সরিয়ে দিয়েছে। ৮৩ জন বিডিও এবং ARO-র বদলির নির্দেশ।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পশ্চিম এশিয়ায় যুদ্ধ পরিস্থিতির দরুণ জ্বালানি সংকটের, সকলকে ঐক্যবদ্ধ হয়ে মোকাবিলা করতে হবে।

৫) ওড়িশার তালসারিতে শ্যুটিং করতে গিয়ে জলে ডুবে মৃত জনপ্রিয় অভিনেতা রাহুল অরুণদয় ব্যানার্জীর আজ ময়না তদন্ত হবে দীঘার হাসপাতালে।

৬) আই পি এল ক্রিকেটে গতরাতে কলকাতা নাইট রাইডার্স মুম্বাই ইন্ডিয়ান্সের কাছে ৬ উইকেটে পরাজিত হয়েছে।

ooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য আজ বিজ্ঞপ্তি জারি হবে। এর সঙ্গেই শুরু হবে মনোনয়ন জমা দেওয়ার প্রক্রিয়া। ৬-ই এপ্রিল পর্যন্ত প্রার্থীপদ দাখিল করা যাবে। পরদিন জমা পড়া মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ৯-ই এপ্রিল। এই  দফায় আগামী ২৩-শে এপ্রিল ১৫২-টি আসনে ভোট নেওয়া হবে।

দ্বিতীয় দফায় ১৪২ টি আসনে নির্বাচন হবে ২৯ শে এপ্রিল। এই পর্বের জন্য বিজ্ঞপ্তি জারি হবে আগামী দোসরা এপ্রিল। ভোটগণনা চৌঠা মে।

oooooooooooooooooooooooo

রাজ্যের SIR প্রক্রিয়ায় চতুর্থ অতিরিক্ত তালিকা গতরাতে প্রকাশিত হয়েছে। তবে নতুন তালিকা প্রকাশের পরেও মোট কত নাম অন্তর্ভুক্ত হল এবং কত নাম বাদ গেল, সে বিষয়ে এখনও স্পষ্ট ছবি সামনে আসেনি। নির্বাচন কমিশন সূত্রের খবর, এদিনের তালিকায় প্রায় ২ লক্ষ ভোটারের নাম প্রকাশিত হয়েছে। ফলে ইতিমধ্যেই প্রকাশিত চারটি সাপ্লিমেন্টারি তালিকা মিলিয়ে মোট প্রায় ৩৫ লক্ষ নাম সামনে এসেছে।

অন্যদিকে কমিশন সূত্রে জানা গিয়েছে, এখনও পর্যন্ত প্রায় ৪০ লক্ষ নামের নিষ্পত্তি হয়েছে। তবে সব ক্ষেত্রে ই-সাইন সম্পূর্ণ না হওয়ায় সেই সমস্ত নাম এখনও তালিকায় প্রকাশ করা যায়নি। প্রকাশিত তথ্য অনুযায়ী, মোট নিষ্পত্তিকৃত নামের মধ্যে প্রায় ৪৫ শতাংশ বাদ পড়েছে বলে ইঙ্গিত মিলছে। সেই হিসেবে এখনও পর্যন্ত প্রায় ১৮ লক্ষের কাছাকাছি নাম তালিকা থেকে বাদ গিয়েছে বলে অনুমান করা হচ্ছে।

oooooooooooooooooooooooooo

নির্বাচন কমিশন ভবানীপুর, নন্দীগ্রাম সহ রাজ্যের মোট ১৭০টি থানার ওসি-কে সরিয়ে দিয়েছে। এছাড়াও উচ্চপদস্থ ১১ জন আধিকারিক-সহ মোট ১৮৪ জন পুলিশ

আধিকারিকের বদলি ও পুনর্বিন্যাসে অনুমোদন দিয়েছে কমিশন। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের সুপারিশের ভিত্তিতেই এই রদবদল কার্যকর হয়েছে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। কোচবিহার, আলিপুরদুয়ার, মালদহ, মুর্শিদাবাদ, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলি, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর-সহ একাধিক জেলায় থানার দায়িত্বে পরিবর্তন আনা হয়েছে। কলকাতা পুলিশ এলাকাতেও একাধিক থানার ওসি বদল করা হয়েছে, যার মধ্যে ভবানীপুরও রয়েছে। নন্দীগ্রাম, খেজুরি, চণ্ডীপুরের মতো রাজনৈতিকভাবে স্পর্শকাতর এলাকাতেও নতুন করে দায়িত্ব দেওয়া হয়েছে অন্য আধিকারিকদের। নির্বাচনকে কেন্দ্র করে আইনশৃঙ্খলা কঠোরভাবে নিয়ন্ত্রণ এবং ভোট প্রক্রিয়ায় নিরপেক্ষতা বজায় রাখতেই এই ব্যাপক রদবদল বলে কমিশন সূত্রে খবর।

oooooooooooooooooooooooo

বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে ব্লক ডেভেলপমেন্ট অফিসার (বিডিও) এবং সহকারি রিটার্নিং অফিসার (এআরও) মিলিয়ে মোট ৮৩ জন আধিকারিককে বদলি ও নতুন পদে নিয়োগ করেছে নির্বাচন কমিশন। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের পাঠানো প্রস্তাবের ভিত্তিতেই এই সিদ্ধান্ত।

এর মধ্যে পূর্ব মেদিনীপুরে সবচেয়ে বেশি সংখ্যক ১৪ জন আধিকারিককে বদলি করা হয়েছে। এরপরই রয়েছে দক্ষিণ ২৪ পরগণা। এই জেলায় ১১ জনকে বদলি করা হয়েছে। এছাড়াও কোচবিহার, জলপাইগুড়ি, মালদহ, মুর্শিদাবাদ, উত্তর ২৪ পরগনা, হাওড়া, হুগলি, পুরুলিয়া, বীরভূম-সহ একাধিক জেলায় বিডিও এবং এআরও-কে বদলি করেছে নির্বাচন কমিশন। কমিশন জানিয়েছে, প্রস্তাবে থাকা অধিকাংশ নামেই অনুমোদন দেওয়া হয়েছে, শুধুমাত্র বীরভূমের সিউড়ি এক নম্বর ব্লকের বিডিও-র ক্ষেত্রে এই প্রস্তাব অনুমোদন করা হয়নি।

oooooooooooooooooooooooo

রাজ্যে আসন্ন বিধান সভা নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ রাখতে রাজ্য জুড়ে ব্যাপক নজরদারি শুরু হয়েছে। নির্বাচনে অবৈধ অর্থের ব্যবহার ও প্রলোভন রুখতে ইতিমধ্যে ধারাবাহিক ভাবে তল্লাশি চালিয়ে নগদ অর্থ, চোলাই মদ, মাদক দ্রব্য, মূল্যবান ধাতু আটক করা হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দেওয়া তথ্য অনুসারে গত ২৬ শে ফেব্রুয়ারি থেকে গতকাল পর্যন্ত রাজ্য জুড়ে মোট আড়াইশো কোটি ৬১ লক্ষ টাকার বেশি সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। যার মধ্যে ৫ কোটি ১১ লক্ষের বেশি নগদ অর্থ, ৪০ কোটি ৮৬ লক্ষের বেশি চোলাই মদ, ৪৪ কোটি ২৬ লক্ষের বেশি মাদক দ্রব্য, রয়েছে।

oooooooooooooooooooooooooo

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনকে অবাধ ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য রাজ্যপাল আর এন রবি গতকাল CRPF-এর পশ্চিমবঙ্গ সেক্টারের IG সলভ মাথুরের সঙ্গে বৈঠক করেছেন। সার্বিক নিরাপত্তা পরিস্থিতি CAPF মোতায়েন সহ নানা বিষয় নিয়ে আলোচনা হয়েছে বলে সূত্রের খবর।

oooooooooooooooooooooooo

নির্বাচনের দিনক্ষন এগিয়া আসার সঙ্গেই জমে উঠেছে প্রচারাভিযান। গতকাল ছুটির দিন থাকায় তৃণমূল কংগ্রেস, বিজেপি, বামফ্রন্ট, কংগ্রেস সহ অন্য দলগুলির পক্ষ থেকে বিভিন্ন এলাকায় জোরদার প্রচার চলে।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল পুরুলিয়ার মানবাজার ও বাঁকুড়ার রায়পুরে দলীয় প্রার্থীদের সমর্থনে দুটি জনসভা করেন। মানবাজারের সভা থেকে মুখ্যমন্ত্রী তাঁর সরকারের বিরুদ্ধে বিজেপির পেশ করা চার্জশিট-এর সমালোচনা করে বলেন, এই ধরনের চার্জশিট দেওয়ার কোনো নৈতিক অধিকার তাদের নেই। নাম না করে

প্রবীণ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ-র শনিবারের বক্তব্যের সমালোচনা করে তিনি বেলন, বিভাজনের রাজনীতি করেই বিজেপি ক্ষমতায় এসেছে।

(বাইট – মমতা)

এদিকে মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর বিরুদ্ধে অসম্মানজনক শব্দ প্রয়োগ করেছেন বলে বিজেপির সাধারণ সম্পাদক লকেট চ্যাটার্জী অভিযোগ করেছেন। কলকাতায় এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, তৃণমূল কংগ্রেস নেত্রী দেশের স্বরাষ্ট্র মন্ত্রীর পদকেও মর্যাদা দিচ্ছেন না।

(বাইট – লকেট)

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কলকাতার ভবানীপুর কেন্দ্রে প্রচারে যোগ দেন।

oooooooooooooooooooooooo

ভোটের দামামা বেজে ওঠার সঙ্গে সঙ্গে জেলাগুলিতে শুরু হয়েছে প্রস্তুতি। এই নির্বাচনে অন্যতম গুরুত্বপূর্ণ জেলা হল- মুর্শিদাবাদ । এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র।

( ভয়েসকাস্ট – মামুন)

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতির প্রেক্ষিতে, ঐক্যবদ্ধ হয়ে কঠিন সময়ের মোকাবিলার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। আকাশবাণীতে গতকাল ১৩২-তম মন-কি-বাত অনুষ্ঠানে কোভিড পরিস্থিতির কথা মনে করিয়ে প্রধানমন্ত্রী

দেশে জ্বালানীর জোগান নিয়ে কোনোরকম গুজবে কান না দেওয়ার পরামর্শ দেন। তিনি বলেন, এই বিষয়ে সর্বদা সরকারি তথ্যের ওপর নির্ভর করাই বাঞ্ছনীয়।

(বাইট - এশিয়া সংকট)

ooooooooooooooooooooooo

ওড়িশার তালসারিতে শ্যুটিং করতে গিয়ে জলে ডুবে মৃত জনপ্রিয় অভিনেতা রাহুল অরুণদয় ব্যানার্জীর আজ ময়না তদন্ত হবে দীঘার হাসপাতালে। গতকাল বিকেলে শ্যুটিং গিয়ে সমুদ্রে তলিয়ে যান তিনি। তাঁকে উদ্ধার করে দীঘার হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। মাত্র ৪২ বছর বয়সে রাহুলের এই অকাল প্রয়াণে চলচ্চিত্র মহলে শোকের ছায়া নেমে এসেছে।

oooooooooooooooooooooo

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজ শুষ্ক আবহাওয়া থাকার সম্ভাবনা। উত্তরবঙ্গের উত্তরের জেলা গুলিতে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে আগামীকাল কলকাতা সহ দক্ষিণবঙ্গের কিছু জেলায় ঝড় বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৬ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ১ দশমিক ৭ ডিগ্রি বেশি।

ooooooooooooooooooooo

মুম্বইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে গতকাল আইপিএল এর ম্যাচে কলকাতা নাইটরাইডার্স, মুম্বই ইন্ডিয়ান্স এর কাছে ৬ উইকেটে পরাজিত হয়েছে। প্রথমে ব্যাট করে নাইট রাইডার্স ২০ ওভারে ৪ উইকেটে ২২০ রান তোলে। জবাবে ব্যাট করতে নেমে মুম্বই চার উইকেট হারিয়ে পাচঁ বল বাকি থাকতে লক্ষ্যে পৌঁছে যায়। কেকেআর আগামী বৃহস্পতিবার ইডেনে পরবর্তী ম্যাচে সানরাইজার্স হায়দ্রাবাদের বিরুদ্ধে খেলবে।